

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
প্রশাসন-২ শাখা  
শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং-০৯.৩১২.০০২.১৪.০০.০০২.২০১৩/৬৯৩

তারিখঃ ১৭/০১/২০১৭

**বিজ্ঞপ্তি**

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ অর্থ বছরে মোটর গাড়ি এবং মোটর সাইকেল অগ্রিম ঋণ খাতে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে বন্টনের জন্য কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেছেন। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে যারা মোটর গাড়ি এবং মোটর সাইকেল অগ্রিম গ্রহণ করতে ইচ্ছুক, তাদেরকে আগামী ৩১ জানুয়ারি, ২০১৭ তারিখের মধ্যে নিম্নোক্ত অগ্রিম গ্রহণের বিদ্যমান নীতিমালার আলোকে নির্ধারিত ফরমে এ বিভাগের প্রশাসন-২ শাখায় আবেদনপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।


১। **মোটর গাড়ি:**

- ক) মোটর গাড়ি অগ্রিম ঋণ ১২ মাসের মূল বেতনের সমান সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা মাত্র।
- খ) যে সকল কর্মকর্তা ও কর্মচারির মূল বেতন ৬,০০০/- (ছয় হাজার) টাকা বা তদুর্ধ্ব কেবল মাত্র তারাই এ অগ্রিম পাওয়ার যোগ্য।
- গ) এ অগ্রিম ঋণ উত্তোলনের প্রথম মাসের বেতন গ্রহণের পর হতে সর্বোচ্চ ৬০ (ষাট) কিস্তিতে আদায়যোগ্য।

২। **মোটর সাইকেল:**

- ক) মোটর সাইকেল অগ্রিম ঋণ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা মাত্র নির্ধারিত।
- খ) যে সকল কর্মকর্তা ও কর্মচারির মূল বেতন ২,০০০/- (দুই হাজার) টাকা মাত্র বা তদুর্ধ্ব কেবল মাত্র তারাই এ অগ্রিম পাওয়ারযোগ্য।
- গ) এ অগ্রিম ঋণ উত্তোলনের প্রথম মাসের বেতন গ্রহণের পর হতে সর্বোচ্চ ৬০ (ষাট) কিস্তিতে আদায়যোগ্য।

- ৩। কোন অস্থায়ী কর্মকর্তা ও কর্মচারির চাকরিকাল ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত না হলে উপরোক্ত অগ্রিম ঋণ পাওয়ার যোগ্য হবেন না। তবে আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে ২ (দুই) জন স্থায়ী কর্মকর্তা ও কর্মচারির নিকট হতে জামানতপত্র (সিকিউরিটি বন্ড) গ্রহণ সাপেক্ষে তারাও আবেদন করতে পারবেন।
- ৪। পূর্বে গৃহীত অগ্রিম ঋণ কিংবা এর সুদের কোন অংশ অনাদায়ী থাকলে আবেদনকৃত অগ্রিম ঋণ মঞ্জুর করা হবে না। পূর্বে ঋণ গ্রহণকারী আবেদনের সঙ্গে বিমোচনপত্র জমা না দিলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৫। উপরোক্ত অগ্রিমের সুদের হার বার্ষিক শতকরা ১০/- টাকা। কিস্তি অনুযায়ী পরিশোধে ব্যর্থ হলে বার্ষিক শতকরা ১১/- টাকা চক্রবৃদ্ধি হারে সুদ আদায় হবে।
- ৬। এমতাবস্থায়, আগ্রহী কর্মকর্তা ও কর্মচারীদেরকে আবেদনপত্র ও প্রয়োজনীয় ফরম প্রশাসন-২ শাখা হতে সংগ্রহ পূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

  
(আফরিনা ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯১১৯৭১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত সচিব-১/২, অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব/যুগ্ম-প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (উইং এর সকল কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
- ২। উপ-সচিব/উপ-প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৪। সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, ফাবা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১/৫ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৭। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নোটিশ বোর্ড, ঢাকা।
- ৮। সংশ্লিষ্ট নথি।